



প্রেস রিলিজ

২৫ সেপ্টেম্বর ২০২৩

বাউবিতে মাস্টার অব এনভায়রনমেন্ট এন্ড ক্লাইমেট চেঞ্জ প্রোগ্রামের পাঠক্রম উন্নয়ন বিষয়ক কর্মশিবির

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল আয়োজিত মাস্টার অব এনভায়রনমেন্ট এন্ড ক্লাইমেট চেঞ্জ প্রোগ্রামের পাঠক্রম উন্নয়ন বিষয়ক কর্মশিবির ২৫ সেপ্টেম্বর ২০২৩ সোমবার বাউবির গাজীপুরস্থ সেমিনার হলে অনুষ্ঠিত হয়। কর্মশিবিরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন আমাদের জীবনযাত্রার সাথে অঙ্গাঙ্গিভাবে জড়িত। বৈশ্বিক উষ্ণতা ও জলবায়ুর পরিবর্তন প্রাকৃতিকভাবেই পরিবর্তিত হয়। বাংলাদেশ পৃথিবীর বৃহত্তম বদ্বীপ অঞ্চল আর বদ্বীপ অঞ্চলেই পরিবেশের জলবায়ু পরিবর্তন বেশি হয়ে থাকে। আমাদের আগামীর জীবনযাত্রা ও সমাজে আবদান রাখতে পারে এ ধরনের সিলেবাসের ওপর গুরুত্বারোপ করেন তিনি।



কর্মশিবিরে বক্তব্য রাখছেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

অনুষ্ঠানের সম্মানিত অতিথি ও বিষয়ে বিশেষজ্ঞ পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন পরিবেশ বিজ্ঞান ও বাংলাদেশ প্রেক্ষিত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি এ প্রোগ্রামের যুগোপযোগীতা তুলে ধরেন এবং ভবিষ্যৎ চাকরির বাজারের কথা খেয়াল রেখে প্রোগ্রামের সিলেবাস প্রণয়নের তাগিদ দেন। তিনি এ অঞ্চলের শিক্ষা ও গবেষণার সাথে সম্পৃক্ত এবং যেসকল বই হাতের কাছে সবসময় পাওয়া যায় সেসব বই রেফারেন্স হিসেবে অন্তর্ভুক্ত করার সুপারিশ করেন। কর্মশিবিরে উন্মুক্ত ও দূরশিখনের মাধ্যমে পরিবেশ বিজ্ঞানের উপর উচ্চ শিক্ষার বিস্তরণ নিয়ে বাউবির উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ব্যাপক আলোকপাত করেন। বাউবির ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাবিনা ইয়াসমিনের সভাপতিত্বে কর্মশিবিরে দূরশিক্ষণে উচ্চ শিক্ষার শিখনফলভিত্তিক শিক্ষাক্রম নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. এস এম হাফিজুর রহমান এবং বাংলাদেশে উচ্চ শিক্ষার শিক্ষাক্রম উন্নয়নের ইতিহাসের ওপর বাংলাদেশ ইউনিভার্সিটি অফ প্রফেশনালস এর কারিকুলাম ডিভেলপমেন্টের সহকারী অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ আলোচনা করেন।

কর্মশিবিরে সঞ্চালনা করেন ওপেন স্কুলের অধ্যাপক ড. ইকবাল হুসাইন ও স্বাগত বক্তব্য রাখেন ওপেন স্কুলের সহযোগী অধ্যাপক ড. মোঃ শহীদুর রহমান। কর্মশিবিরে বাউবির বিভিন্ন স্তরের শিক্ষকগণ অংশ নেন।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)